

Direct link: to Kolkatar Karcha - December 21, 2015

<http://tinyurl.com/z79fex6>



আনন্দবাজার পত্রিকা



৫ পৌষ ১৪২২ সোমবার ২১ ডিসেম্বর ২০১৫

[Like](#) [Follow](#)

ভয় নেই



সুকুমার রায় কবেই লিখেছেন ‘...করে নাকো ফোঁসফাঁস, করে নাকো টুঁশাটুঁশ/ নেই কোনও উৎপাত...’। সত্যিই, সাপ কিন্তু অহেতুক বুটবামেলা পছন্দ করে না। তবু এই ভিত্তি জীবকে আমরা দেখা মাত্রই মনে করি শত্রু। এর প্রধান কারণ ভয়। ভয়ের কারণ এদের ভাবগতিক অজানা, আর কুসংস্কার! ফলে ধীরে ধীরে সাপও ডোডো-র পথে! এর থেকে বেরোনার পথই বাতলেছে সাপ, কামড় ও চিকিৎসা বইটি (বাংলা ও ইংরেজি দুটি ভাষায়)। পঁচিশ বছরের বেশি সাপ ও কুসংস্কার নিয়ে কাজ করা যুক্তিবাদী সাংস্কৃতিক সংস্থা, ক্যানিং প্রকাশিত, ডা. বাসুদেব মুখোপাধ্যায় এবং ড. দিলীপকুমার সোম সম্পাদিত (সহ সম্পাদক বিজন ভট্টাচার্য সৌম্যেন পাল) এই বইটি সাপ ও সাপের কামড়ের চিকিৎসা সম্বন্ধে দক্ষিণ ২৪ পরগণা অঞ্চলে ক্ষেত্রসমীক্ষাভিত্তিক সংকলন। আছে বিভিন্ন প্রজাতির সাপ এবং তাদের কামড়ে আক্রান্ত মানুষের ছবি, নকশা ও তথ্য সমৃদ্ধ সারণি। অন্য দিকে, জুলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া-র সহযোগিতায় ভারতীয় সংগ্রহশালায় ‘সাপের কামড় ও কুসংস্কার’ সম্পর্কে

সচেতনতা কর্মসূচি ২২ ডিসেম্বর (১১-২টো)। বলবেন সাপ-বিশেষজ্ঞ এবং ওঝারা, দেখা যাবে নানা রকম সাপ।